**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 20-07-2024**
**Time: 07.35-07 . 40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**India Mobile Congress :**

কেন্দ্রীয় যোগাযোগ এবং উত্তরপূর্বাঞ্চল উন্নয়ন (ডোনার) মন্ত্রী জ্যোতিরাদিত্য এম. সিন্ধিয়া বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সিক্স-জি'র ক্ষেত্রে ভারতই নেতৃত্ব দেবে গোটা বিশ্বকে। নয়াদিল্লিতে গতকাল 'ইন্ডিয়া মোবাইল কংগ্রেস-২০২৪'-এর মূল ভাবনা 'দ্য ফিউচার ইজ নাও'-এর আনুষ্ঠানিক প্রকাশ অনুষ্ঠানে তিনি এই দৃষ্টিভঙ্গির কথা উল্লেখ করেছেন।

আগামী ১৫ থেকে ১৮ই অক্টোবর পর্যন্ত নয়াদিল্লির প্রগতি ময়দানে অনুষ্ঠিত হবে ইন্ডিয়া মোবাইল কংগ্রেস-২০২৪। ডিজিটাল প্রযুক্তির ক্ষেত্রে এটি এশিয়ার সর্ববৃহৎ প্রদর্শনী অনুষ্ঠান। এ বছর অষ্টম বারের মত হবে এর আয়োজন। একইসঙ্গে ১৪ থেকে ২৪শে অক্টোবর পর্যন্ত প্রগতি ময়দানেই অনুষ্ঠিত হবে 'ওয়ার্ল্ড টেলিকমিউনিকেশন স্ট্যান্ডার্ডাইজেশন অ্যাসেম্বলি' (ডব্লিউ টি এস এ-২০২৪)-এর আন্তর্জাতিক সম্মেলন।

*************************

**Kharchi Festival :**

খয়েরপুরে চতুর্দশ দেবতা মন্দির প্রাঙ্গনে আজ খার্চি মেলা ও উৎসবের শেষদিন। রাজ্য সরকার খার্চির উৎসবের শেষদিনের জন্য আগেই সরকারি ছুটি ঘোষণা করেছে। গতকাল ষষ্ঠ দিনে

রাত পর্যন্ত খার্চি মেলা প্রাঙ্গনে ব্যাপক ভিড় ছিল। আলাপন সাংস্কৃতিক সংস্থার শিল্পীদের সমবেত ভক্তি সঙ্গীত ও সৃজনি ডান্স একাডেমির সমবেত লোকনৃত্যের মধ্য দিয়ে মেলা প্রাঙ্গনে কৃষ্ণমালা মঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠানের শুরু হয়। সন্ধ্যায় রাজ্যের ১৯টি সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা সমবেত বাদ্যযন্ত্র বাদন, সমবেত সঙ্গীত, সমবেত নৃত্য পরিবেশন করেন।

**************************

**Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ গতকাল নতুন দিল্লিতে বিভিন্ন নিরাপত্তা বাহিনী ও আইন প্রয়োগকারী সংস্থার প্রধানদের সঙ্গে এক উচ্চ পর্যায়ের বৈঠকে দেশের নিরাপত্তা সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলায় গোয়েন্দা বিভাগের মাল্টি এজেন্সি সেন্টারের কাজকর্ম পর্যালোচনা করেছেন। এই বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী সারা দেশের বিভিন্ন নিরাপত্তা সংস্থা এবং অন্যান্য গোয়েন্দা ও প্রয়োগকারী সংস্থাগুলির প্রধানদেরকে জাতীয় নিরাপত্তার ক্ষেত্রে সরকারের সর্বাত্মক দৃষ্টিভঙ্গি প্রতিফলিত করার নির্দেশ দেন।

*****************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, প্রতিটি বিদ্যালয়ের লক্ষ্য হওয়া উচিত ভবিষ্যৎ সাফল্যের জন্য ছাত্রছাত্রীদের শিক্ষা ও জ্ঞানে আত্মবিশ্বাসী হিসেবে গড়ে তোলা। গতকাল মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষায় নেতাজী সুভাষ বিদ্যানিকেতনের কৃতি ছাত্রছাত্রীদের সংবর্ধনা অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন তিনি। রাজ্যপাল ছাত্রছাত্রীদের হাতে স্মারক তুলে দেন।

তিনি ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানান তারা যেন পড়াশোনার বাইরে গিয়েও খেলাধূলা, গান-বাজনা, সমাজসেবামূলক কাজে নিজেদের যুক্ত করে। রাজ্যপাল আশা প্রকাশ করেন নেতাজী সুভাষ বিদ্যানিকেতন শিক্ষাক্ষেত্রে রাজ্যে অগ্রণী ভূমিকা পালন করবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিদ্যানিকেতনের সহকারি প্রধান শিক্ষিকা বর্ণালী মজুমদার।

*****************************

**Dengue Update-Sepahijala :**

সিপাহীজলার জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল জানিয়েছেন, এই জেলায় ডেঙ্গুর পাদুর্ভাব এলাকাগুলিতে সচেতনতা বৃদ্ধিতে কাজ করছে স্বাস্থ্য দপ্তরের কর্মীরা। বাড়ি-ঘর পরিস্কার রাখার পাশাপাশি দীর্ঘদিনের জমা জল যেন কোথাও না থাকে সে বিষয়ে জনসাধারণকে সচেতন করা হচ্ছে। তাছাড়া মশার লার্ভা নিধনে নেওয়া হয়েছে কার্যকরী ব্যাবস্থা। গতকাল বিকেলে বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি থাকা ৩ ডেঙ্গু আক্রান্ত রোগীকে দেখতে এসে আকাশবাণীর সিপাহীজলা জেলা প্রতিনিধিকে এমনটাই জানিয়েছেন। তিনি জানান জ্বর ও শরীরে ব্যাথা থাকলেও বর্তমানে বিশ্রামগঞ্জ হাসপাতালে ভর্তি থাকা ডেঙ্গু আক্রান্ত রোগীরা স্থিতিশীল অবস্থায় রয়েছেন। জেলা স্বাস্থ্য আধিকারিক ডক্টর দেবাশীষ দাস জানিয়েছেন জুলাই মাসের প্রথম থেকে এন্টিজেন টেস্টে এখনো পর্যন্ত ১৪৬ জনের দেহে ডেঙ্গুর উপস্থিতি ধরা পড়েছে। তার মধ্যে এলাইজা টেস্টে পজেটিভ এসেছে ১২ জনের।

*****************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

*****************************

**Ratanlal nath mohanpur :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ গতকাল মোহনপুরে পুর পরিষদ চত্বরে প্রধানমন্ত্রী আবাস যোজনা আরবান প্রকল্পে ৩৩৭ জনের হাতে ঘরের ওয়ার্ক অর্ডার তুলে দেন। মন্ত্রী শ্রী নাথ জানান, বিগত দিনে এই যোজনায় যারা যথাসময়ে ঘর নির্মাণ করেছেন এমন প্রত্যেক ওয়ার্ড থেকে তিনজনকে পুরস্কৃত করা হয়েছে। তিনি আরও জানান, মোহনপুর পুর এলাকাকে সাজিয়ে তুলতে এলাকার প্রবীণ নাগরিকদের সঙ্গে মতবিনিময় করেছেন। প্রবীণদের কাছ থেকে আসা প্রস্তাবগুলোর ওপর দ্রুত কাজ করা হবে বলে মন্ত্রী জানান।

****************************

**Nationalized Bank Day :**

গতকাল রাজ্যেও পালিত হয়েছে ব্যাঙ্ক জাতীয়করণ দিবস। ইউনাইটেড ফোরাম অফ ব্যাঙ্ক ইউনিয়ন রাজ্য কমিটির উদ্যোগে আগরতলা প্রেসক্লাবে আলোচনা সভা আয়োজন করা হয়। AIBOC, NCBE, AIBOA প্রভৃতি সংগঠনের নেতৃত্বরা আলোচনা করেন।

******************************

**Merit Award :**

গতকাল পতিছড়ির মুড়াসিং পাড়া কমিউনিটি হলে মুড়াসিং সিকলা বদল-র উদ্যেগে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃতিত্বের সংবর্ধনা দেওয়া হয়। উপজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, এডিসির কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা প্রমুখ সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

******************************

**Workshop-Mashrom Cultivation :**

বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজের বায়োটেক ক্লাব সহ অভ্যন্তরীণ গুণমান নিশ্চিতকরণ সেলের যৌথ উদ্যোগে এবং বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের আর্থিক সহায়তায় গতকাল এক কর্মশালা অনুষ্ঠিত হয়। ছাত্রছাত্রীদের বৃত্তিমূলক শিক্ষায় শিক্ষিত করে ভবিষ্যতে স্বাবলম্বী করে তোলার লক্ষ্যেই এই কর্মশালার উদ্দেশ্য। কর্মশালায় বক্তব্য রাখেন কৃষি বিজ্ঞানী অধ্যাপক নিরেন মজুমদার, অভ্যন্তরীণ গুণমান নিশ্চিতকরণ সেলের কো-অর্ডিনেটর অধ্যাপক মানব দেববর্মণ, বায়োটেক ক্লাবের কনভেনর অধ্যাপক ড.প্রসেনজিৎ দেববর্মা সহ অন্যরা।

******************************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ আংশিক মেঘলা থাকবে। বজ্র বিদ্যুত সহ দু এক পশলা হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। আজ ভোর পর্যন্ত

আগরতলা ও তার আশেপাশে বৃষ্টি হয়েছে ৪.৪ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৪ ডিগ্রী সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রীর কাছাকাছি।

*******************************